গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

## আদেশ

নথি নং-০৮.০১.০০০০.৫৩.০৩.০৩২.১৪/ ১৩২(৩২) তারিখ: ২৫/০২/২০১৮ খ্রিঃ।

বিষয় ঃ <u>পাওয়ার গ্রীড কোম্পানি অব বাংলাদেশ লিঃ কর্তৃক আমদানিকৃত মালামালে রেয়াতি সুবিধা প্রদান।</u>

পাওয়ার গ্রীড কোম্পানি অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি) কর্তৃক নিম্নবর্ণিত 'Table'- এ উল্লিখিত যন্ত্রপাতি ও মালামাল এর সমন্বয়ে ১৩২ কেভি এবং তদূর্ধ্ব ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ সঞ্চালন (Transmission) সিস্টেম স্থাপন করা হবে। বর্তমানে বিদ্যুৎ খাত একটি Thrust Sector হিসেবে বিবেচ্য এবং দেশের শিল্পায়ন ও অবকাঠামোগত উন্নয়ন বিদ্যুৎ এর পর্যাপ্ত সরবরাহের উপর অনেকাংশে নির্ভরশীল। বিদ্যুৎ এর পর্যাপ্ত উৎপাদনের পাশাপাশি দেশের বিভিন্ন স্থানে চাহিদা অনুযায়ী বিদ্যুৎ সরবরাহের জন্য আধুনিক বিদ্যুৎ সঞ্চালন লাইন নির্মাণ করা একান্ত প্রয়োজন বিবেচনা করে সরকার দেশের বিদ্যুৎ সঞ্চালন ব্যবস্থার অধিকতর উন্নয়নের স্বার্থে Customs Act, 1969 এর section 20 তে প্রদত্ত ক্ষমতাবলে পাওয়ার গ্রীড কোম্পানি অব বাংলাদেশ লিঃ কর্তৃক শুধু ১৩২ কেভি এবং তদূর্দ্ধ ক্ষমতার সঞ্চালন সিস্টেম স্থাপনের লক্ষ্যে নিম্নবর্ণিত 'Table' এর অন্তর্ভুক্ত যন্ত্রপাতি এবং মালামাল আমদানির ক্ষেত্রে যে পরিমাণ আমদানি শুল্ক ৭.৫% এর অতিরিক্ত হয় সেই পরিমাণ আমদানি শুল্ক হতে নিম্নবর্ণিত শর্ত স্বাপেক্ষে অব্যাহতি প্রদান করলো। তবে রেগুলেটরি ডিউটি, মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক (যদি থাকে), অবকাঠামো উন্নয়ন সারচার্জ, অগ্রিম আয়কর এবং লাইসেন্স ফী প্রযোজ্য হারে আদায়যোগ্য হবে।

### শর্তসমূহঃ

(ক) আমদানিকৃত যন্ত্রপাতি ও মালামাল অবশ্যই সংযুক্ত 'Table'- এ উল্লিখিত হতে হবে এবং শুধু পিজিসিবি কর্তৃক স্থাপিতব্য ১৩২ কেভি এবং তদূর্দ্ধ ক্ষমতার সঞ্চালন সিস্টেমে ব্যবহার করা যাবে;

(খ) আমদানিকৃত যন্ত্রপাতি ও মালামাল পিজিসিবি কর্তৃক স্থাপিতব্য সঞ্চালন সিস্টেমে (transmission system)-এ ব্যবহৃত হবে মর্মে বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার কর্মকর্তার নিকট হতে পরিশিষ্ট-১ মোতাবেক একটি চালানভিত্তিক প্রত্যয়নপত্র আমদানিকৃত যন্ত্রপাতি ও মালামাল খালাসের সময় সংশ্লিষ্ট কাস্টম হাউস/স্টেশনে দাখিল করতে হবে; এবং

(গ) আমদানিকৃত যন্ত্রপাতি ও মালামাল শুধু পিজিসিবি এর স্থাপিতব্য ১৩২ কেভি এবং তদূর্ধ্ব ক্ষমতাসম্পন্ন সঞ্চালন সিস্টেমেই ব্যবহার করবেন এবং এর অন্যথা হলে কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত আইনসম্মত যে কোন শাস্তি মেনে নিতে এবং জরিমানা পরিশোধে বাধ্য থাকবেন মর্মে পাওয়ার গ্রীড কোম্পানি অব বাংলাদেশ লিঃ প্রতিটি চালান খালাসের পূর্বে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস বরাবর পরিশিষ্ট-২ মোতাবেক একটি অঙ্গীকারনামা দাখিল করবেন।

Farhad, AP
.06.18

Table

| Heading (1) | H.S. Code (2) | Description of goods (3) |
|---|---|---|

**A. 123, 230, 400 kV or higher level transmission line insulators & hardware fittings:**

| | | |
|---|---|---|
| 73.26<br>85.46 | 7326.90.90<br>8546.10.00<br>8546.20.00<br>8546.90.90 | 400/300/210/160/120/70 kN suspension set for ACSR/ AAAC/ AAC/ ACCC/ TACSR/ KTACSR conductors with insulators |
| 73.26<br>85.46 | 7326.90.90<br>8546.10.00<br>8546.20.00<br>8546.90.90 | 400/300/210/160/120/70 kN tension set for ACSR/ AAAC/ AAC/ ACCC/ TACSR/ KTACSR conductors with insulators |
| 73.26<br>85.46 | 7326.90.90<br>8546.10.00<br>8546.20.00<br>8546.90.90 | Single upright low duty tension set for ACSR/ AAAC/ AAC/ ACCC/ TACSR/ KTACSR conductors with insulators |
| 73.26<br>85.46 | 7326.90.90<br>8546.10.00<br>8546.20.00<br>8546.90.90 | Single inverted low duty tension set for ACSR/ AAAC/ AAC / ACCC/ TACSR/ KTACSR conductors with insulators |
| 73.26 | 7326.90.90 | Pilot suspension set for ACSR/ AAAC/ AAC/ ACCC/ TACSR/ KTACSR conductors |

পাদ টিকা: The fittings include Arc Horn, socket tongue, yoke, suspension clamp, shackle, repair sleeves, turnbuckle, sag adjustors, compression dead end, extension link, ball eye, hinge, counter weights, jumper weights etc.
kN: Kilo-Newton; ACCC: Aluminium Conductor Composite Core; ACSR: Aluminium Conductor with Steel Reinforced; KTACSR: K Thermal Aluminium Conductor with Steel Reinforced; AAAC: All Aluminium Alloy Conductors; AAC: Allluminium Alloy Conductor.

**B. OPGW (Optical Ground Wire) conductor & associated fittings:**

| | | |
|---|---|---|
| 85.44 | 8544.70.00 | OPGW (Optical Ground wire) |
| 73.26 | 7326.90.90 | OPGW Suspension set assembly |
| | 7326.90.90 | OPGW tension set assembly |
| | 7326.90.90 | OPGW vibration damper |
| | 7326.90.90 | OPGW joint box, OPGW connectors |
| | 7326.90.90 | OPGW fixing clamps, OPGW repair sleeves |
| 90.30 | 9030.40.00 | OPGW OTDR (optical time-domain reflectometer) test set |
| 73.26 | 7326.90.90 | OPGW Armour rods |

**C. Aluminium Conductors & necessary hardware fittings for high voltage transmission lines:**

| | | |
|---|---|---|
| 76.14 | 7614.10.00<br>7614.90.00 | Aluminium Conductor Composite Core (ACCC), Aluminium Conductor with Steel Reinforced (ACSR), K Thermal Aluminium Conductor with Steel Reinforced |

| Heading | H.S. Code | Description of goods |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| | | (KTACSR), All Aluminium Alloy Conductors (AAAC), Alluminium Alloy Conductor (AAC) of different sizes (Single/twin/quad or higher) |
| 73.12 | 7312.10.00 | Earthwires of various dimensions |
| 73.26 | 7326.90.90 | Tension dead end for conductors |
| | 7326.90.90 | Tension dead end for earthwires |
| | 7326.90.90 | Mid span joint for conductors |
| | 7326.90.90 | Mid span joint for earthwires |
| | 7326.90.90 | Vibration damper for conductors |
| | 7326.90.90 | Spacer damper for conductors |
| | 7326.90.90 | Repair sleeve for conductors & earthwires |
| | 7326.90.90 | Armour rods, sag adjustors, counter weights |
| | 7326.90.90 | Weighted spacers of different weights |
| 85.62 | 8462.91.00 | Compression machine with different dies |

**D. 400/230/132/33kV or higher voltage sub-station equipment:**

| | | |
|---|---|---|
| 90.30 | 9030.31.00 | Electrical testing equipment |
| | 9030.32.00 | |
| | 9030.33.00 | |
| | 9030.39.00 | |
| | 9030.84.00 | |
| | 9030.89.00 | |
| | 9030.90.00 | |
| 90.31 | 9031.49.00 | |
| 85.07 | 8507.30.00 | Battery |
| 85.35 | 8535.30.00 | Isolators/ Disconnection switches |
| 85.44 | 8544.49.00 | Power & control cables |
| | 8544.60.00 | |
| 85.48 | 8548.90.90 | Cable kits & end fittings |
| 85.38 | 8538.10.00 | Switch board panels |
| 73.08 | 7308.90.00 | Cable tray conduit fittings & groundings |
| 85.44 | 8544.19.90 | Power line carrier equipment |
| 85.04 | 8504.40.90 | Current transformers (CT)/potential transformers (IVT, CVT)<br>Battery chargers |
| 85.35 | 8535.40.00 | Lightning/Surge Arrestors |
| | 8535.21.00 | Circuit breakers |
| | 8535.21.90 | |
| | 8535.29.00 | |
| 85.36 | 8536.50.00 | Insulated light fittings & hardware |
| 85.48 | 8548.90.90 | |
| 84.14 | 8414.10.00 | Portable vacuum pump |
| 85.46 | 8546.10.00 | Insulators |
| | 8546.20.00 | |
| | 8546.90.00 | |
| 73.18 | 7318.16.00 | Bolts, nuts |
| | 7318.19.00 | |

| Heading | H.S. Code | Description of goods |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 90.28 | 9028.30.90 | Volt meter/Ampere meter/Digital multifunction panel meter |
| 85.04 | 8504.21.00<br>8504.22.90<br>8504.23.90<br>8504.90.10<br>8504.90.30 | Power transformer (400/230/132/ 33 kV or higher) of different MVA including parts and accessories. |

**E. Additional Items**

| | | |
|---|---|---|
| 85.36 | 8536.49.90 | Different types of protective relays |
| 85.37 | 8537.10.99<br>8537.20.00 | Control & relay panels |
| 85.38 | 8538.10.00<br>8538.90.90 | |
| 85.44 | 8544.60.00 | High voltage (33, 132, 230, 400 and higher kV underground cables |
| 85.48 | 8548.90.90 | cable kits & fittings |
| 85.25 | 8525.50.90<br>8525.60.20<br>8525.60.90<br>8525.80.90 | Microwave/VHF communication equipment |

**পরিশিষ্ট-১**

**প্রত্যয়নপত্র**

প্রত্যয়ন করা যাচ্ছে যে, পাওয়ার গ্রীড কোম্পানি অব বাংলাদেশ লিঃ কর্তৃক আমদানিকৃত যন্ত্রপাতি, ইক্যুইপমেন্ট ও মালামাল উক্ত প্রতিষ্ঠান কর্তৃক স্থাপিতব্য ১৩২ কেভি এবং তদূর্ধ্ব ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ সঞ্চালন সিস্টেম এর সাথে সরাসরি সম্পর্কিত। উক্ত প্রতিষ্ঠান কর্তৃক ইনভয়েস নং---------------------------------------------------তারিখ------------------বিল অব লেডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্ট নং---------------------------------------------------তারিখ------------------------এ উল্লিখিত বিবরণ, পরিমাণ ও মূল্য অনুযায়ী আমদানিকৃত যন্ত্রপাতি, ইক্যুইপমেন্ট ও মালামাল তাদের স্থাপিতব্য -------------কেভি বিদ্যুৎ সঞ্চালন সিস্টেমে ব্যবহার হবে।

তারিখ :

স্বাক্ষরঃ---------------------------------
নাম-------------------------------------
পদবীঃ-----------------------------------
সীলঃ-------------------------------------

**পরিশিষ্ট-২**

**প্রত্যয়নপত্র**

আমি/আমরা এই মর্মে অঙ্গীকার ও প্রত্যয়ন করছি যে, ইনভয়েস নং--------------------, তারিখ----------------- বিল অব লেডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্ট-----------------------, তারিখ--------------- এ উল্লিখিত বিবরণ, পরিমাণ ও মূল্য অনুযায়ী আমদানিকৃত যন্ত্রপাতি ইক্যুইপমেন্ট ও মালামাল বিদ্যুৎ সঞ্চালন সিস্টেমের সাথে সরাসরি সম্পর্কিত এবং তা পাওয়ার গ্রীড কোম্পানি অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি) এর---------------কেভি বিদ্যুৎ সঞ্চালন সিস্টেমে স্থাপিত হবে। আমি/আমরা আরো অঙ্গীকার করছি যে, আমদানিকৃত যন্ত্রপাতি, ইক্যুইপমেন্ট ও মালামাল আমার/আমাদের স্থাপিতব্য বিদ্যুৎ সঞ্চালন সিস্টেম ব্যতিত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহৃত/স্থাপিত হলে আমি/আমরা আমদানিকালে তার উপর প্রযোজ্য সমুদয় শুল্ক-কর পরিশোধ করতে বাধ্য থাকব এবং এর জন্য Customs Act, 1969 (Act no. IV of 1969) এর আওতায় আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা মেনে নিতে এবং জরিমানা পরিশোধে বাধ্য থাকব।

প্রতিষ্ঠানের নাম : পাওয়ার গ্রীড কোম্পানি অব বাংলাদেশ লিঃ

ঠিকানা :

স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালকের নাম ও স্বাক্ষর:

তারিখ:

২। জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং-১৭(১) শুঃ নীঃ ও বাঃ/৯৮/৫৬৮, তারিখ: ১০/১০/২০০১ খ্রিঃ এবং আদেশ নং-০৮.০১.০০০০.৫৩.০৩.০৩২.১৪/৩৪, তারিখ-২১/০১/২০১৫ খ্রিঃ বাতিল হিসেবে গণ্য হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

২২/৩/২০১৮

মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

প্রাপক:

উপ-পরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা। (তাঁকে উল্লিখিত আদেশ এর ৫০০ (পাঁচশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহ করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

নথি নং- ০৮.০১.০০০০.৫৩.০৩.০৩২.১৪/ তারিখ-২৫/০২/২০১৮ খ্রিঃ

<u>সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, সাধারণ বীমা ভবন, ১০, দিলকুশা বা/এ, ঢাকা।
৩। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৪-৯। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/মোংলা/বেনাপোল/আইসিডি কাস্টম হাউস, কমলাপুর/পানগাঁও।

১০-২০। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/ঢাকা (উত্তর)/ঢাকা/ (পূর্ব)/ঢাকা(পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/যশোর/খুলনা/সিলেট/রংপুর/কুমিল্লা।

২১-২৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম/শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৪-২৭। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট (আপীল), ঢাকা-১/ঢাকা-২/চট্টগ্রাম/খুলনা।

২৮। মহাপরিচালক, কাস্টমস, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা।

২৯। মহাপরিচালক, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা।

৩০। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পন পরিদপ্তর, চট্টগ্রাম সমিতি ভবন, তোপখানা রোড, ঢাকা।

৩১। মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, সাগরিকা রোড, চট্টগ্রাম।

৩২। কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ২য় ১২তলা সরকারী অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৩৩। মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৩৪। প্রথম সচিব (কাস্টমস/ভ্যাট)(সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৩৫। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩৬। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (উক্ত আদেশটি ওয়েবসাইটে আপলোডকরণসহ এ্যাসাইকুডা সিস্টেমে CPC হালনাগাদকরণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।)

৩৭। জনাব ওয়াহিদুজ্জামান সহাকারী প্রোগ্রামার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে সংশ্লিষ্ট সকলের ই-মেইলে পাঠানোর জন্য অনুরোধ করা হলো)।

৩৮। লাইব্রেরীয়ান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।


মোঃ জিয়াউর রহমান খান
দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি)
ই-মেইল: sscuspolicy@gmail.com
ফোন : ৯৩৫৭৭০১।